

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জলঢাকা, নীলফামারী।
www.jaldhaka.nilphamari.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৭৩৩৬.০০০.০৪.০৪৬.১৯-১১০৬

তারিখ : ০৭ নভেম্বর ২০১৯

নিয়োগ বিজ্ঞপ্তি

প্রাথমিক গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো কর্তৃক বাস্তবায়িত মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা) বাস্তবায়নের জন্য নিম্নলিখিত শর্ত সাপেক্ষে শিক্ষক/শিক্ষিকা ও সুপারভাইজার নিয়োগের জন্য জলঢাকা উপজেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক	পদের নাম	পদ সংখ্যা	যোগ্যতা
০১	সুপারভাইজার	১৫ টি	সর্বনিম্ন এইচ,এস,সি
০২	শিক্ষক	৬০০টি (৩০০টি পুরুষ ও ৩০০টি মহিলা)	সর্বনিম্ন এস,এস,সি

আবেদনের শর্তাবলী :

- ১। যেকোন একটি পদে আবেদন করা যাবে।
- ২। আবেদনপত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র প্রথম শ্রেণী গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত, ইউনিয়ন পরিষদ কর্তৃক নাগরিক সনদপত্র, অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে) সংযুক্ত করতে হবে।
- ৩। শিক্ষক শিখন কেন্দ্রের সংশ্লিষ্ট ওয়ার্ডের অধিবাসী এবং সুপারভাইজার সংশ্লিষ্ট ইউনিয়নের অধিবাসী হতে হবে। সরকারী প্রাথমিক বিদ্যালয়ের অবসরপ্রাপ্ত শিক্ষক, যোগ্যতা সম্পন্ন ছাত্র/ছাত্রীদের বাস্তবায়িত টিএলএম, ইতোপূর্বে বেইজলাইন সার্ভে কার্যক্রমে নিয়োগকৃত গন যারা সক্রিয় ও সফলভাবে জরীপ কার্যক্রম সম্পন্ন করেছেন তারা শিক্ষক/ শিক্ষিকা পদে নিয়োগ প্রদানে অগ্রাধিকার প্রাপ্ত হবেন।
- ৪। আবেদনপত্রের সাথে ০২(দুই) কপি রঙ্গীন পাসপোর্ট সাইজ ছবি প্রথম শ্রেণী গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা উপানুষ্ঠানিক শিক্ষা কমিটি, জলঢাকা, নীলফামারী বরাবর আবেদন করতে হবে।
- ৬। আবেদনপত্রের খামের উপর পদ, ওয়ার্ড ও ইউনিয়নের নাম লিখতে হবে। সফলভাবে মৌলিক শিক্ষা কোর্স সম্পূর্ণকারী প্রতিজন শিক্ষার্থীর জন্য শিক্ষক প্রতিজন শিক্ষার্থীর জন্য শিক্ষক প্রতি মাসে ৮০/- টাকা হারে সন্মানী প্রাপ্য হবেন। এ হিসেবে মাসে ৩০ জন শিক্ষার্থীর জন্য একজন শিক্ষক প্রতিমাসে সর্বোচ্চ ২৪০০/- টাকা সন্মানী পাবেন। প্রতি মাসে শিক্ষককে তার সন্মানীর ৫০% অর্থাৎ ১২০০/- টাকা প্রদান করা হবে। অবশিষ্ট সন্মানী মধ্যবর্তী বা ত্রৈমাসিক মূল্যায়নের পর কৃতকার্য শিক্ষার্থীর সংখ্যার ভিত্তিতে প্রদান করা হবে।
- ৭। সুপারভাইজারদের মাসিক সন্মানী ২০০০/- টাকা এবং যাতায়াত ভাতা ৫০০/- টাকা। সুপারভাইজারদেরকে প্রতি মাসে ভ্রমণ ভাতা এবং মাসিক সন্মানীর ৫০% অর্থাৎ ১০০০/- টাকা সহ মোট ১৫০০/- টাকা প্রদান করা হবে। মধ্যবর্তী ও চূড়ান্ত মূল্যায়নের অকৃতকার্যের জন্য প্রতি মাসে ৫/- টাকা হারে অনুর্ধ্ব ১০০০/- টাকা কর্তন করে সকল সন্মানী পরিশোধ করা হবে।
- ৮। নিয়োগের ক্ষেত্রে নিয়োগ কমিটির সিদ্ধান্তকেই চূড়ান্ত বলে গণ্য করা হবে।
- ৯। আবেদনপত্র আগামী ১১/১১/২০১৯ হতে শুরু হবে। আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ১৯/১১/২০১৯ বিকাল ৫.০০টা পর্যন্ত জমা দেওয়া যাবে।
- ১০। আবেদনপত্র উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জলঢাকা, নীলফামারীতে জমা দিতে হবে।
- ১১। অসম্পূর্ণ আবেদনপত্র ও ভুল তথ্যাদি প্রদর্শন করা হলে উক্ত আবেদনপত্র বাতিল বলে বিবেচিত হবে।
- ১২। শিক্ষক/শিক্ষিকা, সুপারভাইজার যোগদানের তারিখ হতে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ০৬(ছয়) মাসের জন্য নিয়োগ প্রাপ্ত হবেন এবং শিখন কেন্দ্র চালুর তারিখ হতে বেতন/সন্মানী প্রাপ্ত হবেন।
- ১৩। আবেদনপত্র উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের www.jaldhaka.nilphamari.gov.bd ওয়েব সাইড ও ইউনিয়ন ডিজিটাল সেন্টার হতে সংগ্রহ করা যাবে।

মোঃ সুজাউদ্দৌলা
উপজেলা নির্বাহী অফিসার


ও

সভাপতি

উপজেলা উপানুষ্ঠানিক শিক্ষা কমিটি এবং
শিক্ষক/শিক্ষিকা ও সুপারভাইজার নিয়োগ কমিটি,
জলঢাকা, নীলফামারী।
ফোন-০৫৫২৪-৬৪০০৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ০১। প্রকল্প পরিচালক, মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা-১২০৮।
- ০২। জেলা প্রশাসক, নীলফামারী।
- ০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জলঢাকা, নীলফামারী।
- ০৪। সহকারী কমিশনার (ভূমি), জলঢাকা, নীলফামারী।
- ০৫। উপজেলা -----কর্মকর্তা, জলঢাকা, নীলফামারী।
- ০৬। নির্বাহী প্রধান, শার্প, সৈয়দপুর, নীলফামারী। (তাঁকে নিয়োগ বিজ্ঞপ্তি ব্যাপক ভাবে প্রকাশ ও প্রচার করার জন্য অনুরোধ করা হলো)
- ০৭। মেয়র, জলঢাকা পৌরসভা, জলঢাকা, নীলফামারী।
- ০৮। চেয়ারম্যান,-----ইউনিয়ন পরিষদ, জলঢাকা, নীলফামারী।
- ০৯। সচিব-----ইউনিয়ন পরিষদ, জলঢাকা, নীলফামারী।
- ১০। সভাপতি-----প্রেস ক্লাব/রিপোর্টার্স ইউনিটি, জলঢাকা, নীলফামারী।
- ১১। অফিস কপি।



সভাপতি

উপজেলা উপানুষ্ঠানিক শিক্ষা কমিটি এবং
শিক্ষক/শিক্ষিকা ও সুপারভাইজার নিয়োগ কমিটি,
জলঢাকা, নীলফামারী।
ফোন-০৫৫২৪-৬৪০০৪